# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন নং : ০২-২২৩৩৮৩৫৩৫
Email : dgmcsd@krishibank.org.bd
Web : www.krishibank.org.bd


## প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ

প্রকা/প্রকিউর-৫(১১)অংশ-২৪/২০২৩-২০২৪/৬২৩ তারিখঃ ০২.১১.২০২৩ খ্রিঃ

০১। সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। মহাব্যবস্থাপক (অধ্যক্ষ)
বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়: **বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা/কার্যালয়ের সাইনবোর্ড প্রতিস্থাপন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা/কার্যালয়ের সাইনবোর্ড তৈরি ও স্থাপনের সুবিধার্থে সাধারণ সেবা বিভাগ (বর্তমান প্রকিউরমেন্ট ও কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ) এর ২৮-০২-২০১৩ খ্রিঃ তারিখের প্রশাসন পরিপত্র নং ০৫/২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখিত পরিপত্র মোতাবেক সাইনবোর্ড তৈরির নমুনা, আকার, কাঠামো ও উপকরণ, লেখার ফন্ট সাইজ, লেখার ধরণ, রং বিন্যাস, সাইনবোর্ড স্থাপন এবং বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্তমান সময়ের চাহিদা ও ব্যাংকের পরিচিতি ও ভাবমূর্তি সর্বজনগ্রাহ্য ও সহজ করার লক্ষ্যে অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাইনবোর্ডের সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা কার্যালয়ের জন্য সাইনবোর্ডের নমুনা, আকৃতি ও মান হালনাগাদ করা আবশ্যক। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিষয়টি অনুধাবন করতঃ বিভিন্ন শাখা/কার্যালয়ের জন্য অভিন্ন আঙ্গিকে একটি আদর্শ ও মানসম্পন্ন সাইনবোর্ড তৈরির জন্য নিম্নরূপ নমুনা সদয় অনুমোদনপূর্বক নির্দেশনা প্রদান করেছেন।




০৩। **সাইনবোর্ড এর নমুনা, আকার, কাঠামো ও উপকরণ:**

১) উল্লিখিত নমুনা অনুযায়ী সাইনবোর্ড বোতলগ্রীণ রং এর উপর সাদা অক্ষরে লিখতে হবে।
২) সাইনবোর্ডের আকার হবে ১৫´ ৪´´ x ৩´ ৪´´। উল্লেখ্য, ১৫´ x ৩´ হবে বোতলগ্রীণ রঙের এবং চারপাশে ২´´ করে সাদা বর্ডার থাকবে।
৩) শাখা/কার্যালয় ভবনের যে স্থানে সাইনবোর্ডটি স্থাপিত হবে উক্ত স্থানের দৈর্ঘ্য ও প্রস্থের সাথে সংগতি রেখে সাইনবোর্ডের আকার প্রয়োজন মোতাবেক আনুপাতিক হারে হ্রাস/বৃদ্ধি করা যাবে।
৪) ১´´ x ১´´ সাইজের এ্যালুমিনিয়াম চ্যানেল দ্বারা ১৫´ ৪´´ x ৩´ ৪´´ সাইজের এ্যালুমিনিয়াম প্রোফাইল লাইট বক্স তৈরী করে এর অভ্যন্তরে প্রয়োজনীয় সংখ্যক টিউবলাইট সংযোজনপূর্বক উপরে উল্লেখিত নমুনা মোতাবেক প্যানাফ্ল্যাক্স প্রিন্ট (রিভার্স প্রিন্ট) তৈরী করে বক্সের সম্মুখাংশে স্থাপন করে দিতে হবে।
৫) উপরে উল্লেখিত সাইনবোর্ড লেখনীতে নিম্নরূপ ফন্ট (Font Size) ব্যবহৃত হবে:

| | |
|---|---|
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ফন্ট টাইপ: SutonnyMJ ফন্ট সাইজ: ৮৪০ |
| গণমানুষের ব্যাংক | ফন্ট টাইপ: SutonnyMJ ফন্ট সাইজ: ৩৭৪ |
| বাংলায় শাখা ও অঞ্চলের নাম | ফন্ট টাইপ: SutonnyMJ ফন্ট সাইজ: ৪৯০ |
| **Bangladesh Krishi Bank** | ফন্ট টাইপ: Arial Bold ফন্ট সাইজ: ৪৬০ |
| ইংরেজীতে শাখা ও অঞ্চলের নাম | ফন্ট টাইপ: Arial Bold ফন্ট সাইজ: ২৭২ |

পরবর্তী পাতায় চলমান

৬) সাইনবোর্ডের বাম পাশের বোতলগ্রীণ ব্যাকগ্রাউন্ডের ৩.৫´´ পর ১৮´´ ব্যাসের বাংলাদেশ কৃষি ব্যাংকের মনোগ্রাম মাঝামাঝি অবস্থানে থাকবে। মনোগ্রামের পর থেকে একটি সরলরেখার দ্বারা সাইনবোর্ডটি উপরে এবং নিচে দুই ভাগে বিভক্ত হবে। উক্ত সরল রেখার উপরের পরিমাপ হবে ২২´´ এবং নিচের পরিমাপ হবে ১৪´´। উক্ত সরলরেখার উপরে বাংলায় বড় ফন্টে "বাংলাদেশ কৃষি ব্যাংক" এবং "বাংলাদেশ কৃষি ব্যাংক" লেখার নিচে ডান পাশে ছোট ফন্টে "গণ মানুষের ব্যাংক" লেখা থাকবে। "বাংলাদেশ কৃষি ব্যাংক" লেখার ঠিক নিচে মাঝ বরাবর "শাখা ও অঞ্চলের নাম" লেখা থাকবে। সাইনবোর্ডকে দুইভাগে বিভক্তকারী সরল রেখার নিচে মাঝ বরাবর ইংরেজীতে বড় ফন্টে "Bangladesh Krishi Bank" এবং "Bangladesh Krishi Bank" লেখার নিচ বরাবর ইংরেজীতে "শাখা ও অঞ্চলের নাম" লেখা থাকবে (বিস্তারিত পরিমাপ সংযুক্তি-০১ এ বর্ণিত হলো)।

৭) শাখা/কার্যালয় ভবনের সম্মুখে দৃশ্যমান স্থানে সাইনবোর্ড স্থাপন করতে হবে।

০৪। সম্প্রতি ব্যাংকের নির্বাহীগণের মাঠ পর্যায়ে পরিদর্শনকালে অনেক শাখা/কার্যালয়ের সাইনবোর্ড জরাজীর্ণ অবস্থায় রয়েছে মর্মে দৃষ্ঠিগোচর হয়েছে। যে সকল শাখা/কার্যালয়ের সাইনবোর্ড অতি পুরাতন, জীর্ণ এবং লেখা অস্পষ্ট হয়ে গেছে সে সকল শাখা/কার্যালয়ের সাইনবোর্ড সমূহ জরুরী ভিত্তিতে অনুচ্ছেদ ০৩ এ বর্ণিত নমুনা, আকার, কাঠামো ও উপকরণ মোতাবেক প্রতিস্থাপন করতে হবে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে শাখা/কার্যালয়ের সাইনবোর্ড প্রতিস্থাপনকালে অনুচ্ছেদ ০৩ এ বর্ণিত নমুনা, আকার, কাঠামো ও উপকরণ মোতাবেক সাইনবোর্ড প্রতিস্থাপন করতে হবে।

অনুমোদনক্রমে-

(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক

প্রকা/প্রকিউর-৫(১১)অংশ-২৪/২০২৩-২০২৪/৬২৩(১২৫০) তারিখঃ ০২.১১.২০২৩ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের জন্য আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
০৯। নথি/মহানথি।

০২/১১/২০২৩

(মেহাম্মদ জসিম উদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক

সংযুক্তি-০১

<u>বাংলাদেশ কৃষি ব্যাংকের সাইনবোর্ডের নমুনা</u>




<u>বাংলাদেশ কৃষি ব্যাংকের সাইনবোর্ডের পরিমাপ</u>

